

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৯

আগরতলা, ১৩ মে, ২০১৯

মুখ্যমন্ত্রী সকাশে বাংলাদেশে
নিযুক্ত ভারতীয় হাই কমিশনার

বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার রিভা গাঙ্গুলী দাস আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকারকালে বাংলাদেশের সাথে ত্রিপুরার সীমান্ত বাণিজ্য, যোগাযোগ ব্যবস্থা, চা শিল্প, রাবার শিল্প ইত্যাদি বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। সাক্ষাৎকারের সময় ভারতীয় হাই কমিশনের বাংলাদেশে কর্মরত রেলওয়ে উপদেষ্টা অনিতা বারিক এবং রাজ্য প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
